পরিশিষ্ট-ক

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

উপপরিচালক, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, খুলনা বিভাগীয় কার্যালয়, খুলনা।

এবং

মহাপরিচালক, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০১৮ - জুন ৩০, ২০১৯

# সূচিপত্র

উপক্রমণিকা

কর্মসম্পাদনের সার্বিক চিত্র

সেকশন ১: রূপকল্প, অভিলক্ষ্য, কৌশলগত উদ্দেশ্যসমূহ, কার্যাবলি

সেকশন ২: কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

সংযোজনী ১: শব্দসংক্ষেপ

সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী কার্যালয়সমূহ এবং পরিমাপ পদ্ধতি

সংযোজনী ৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে মাঠ পর্যায়ের অন্যান্য কার্যালয়ের নিকট সুনির্দিষ্ট চাহিদা

## উপক্রমণিকা (Preamble)

সরকারি দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

উপপরিচালক<br>
জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর<br>
খুলনা বিভাগীয় কার্যালয়, খুলনা

এবং

মহাপরিচালক<br>
জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর

এর মধ্যে ২০১৮ সালের **জুন** মাসের **২০** তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, খুলনা বিভাগের কর্মসম্পাদনের সার্বিক চিত্র

(Overview of the Performance of Directorate of National Consumer Rights Protection, Khulna Division)

## সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যত পরিকল্পনা

- সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ :

ভোক্তা অধিকার সংরক্ষণ এবং ভোক্তা অধিকার বিরোধী কার্য প্রতিরোধ কার্যক্রম তৃণমুল পর্যায়ে বিস্তৃতির লক্ষ্যে খুলনা বিভাগের ১০ (দশ) টি জেলায় ভোক্তা অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ এর ধারা ১০ অনুসারে ভোক্তা অধিকার সংরক্ষণ কমিটি গঠন করা হয়েছে এবং প্রবিধানমালা ২০১৩ অনুসারে ৫৯ টি উপজেলায় উপজেলা কমিটি ও ২৭০ টি ইউনিয়নে ইউনিয়ন কমিটি গঠন করা হয়েছে। ভোক্তা অধিকার সংরক্ষণ আইন ২০০৯ এর অধীনে খুলনা বিভাগের বিভিন্ন জেলাতে মোবাইল টিম কর্তৃক সর্বমোট ১০৭২টি বাজার তদারকি কার্যক্রম পরিচালিত হয়েছে এবং সর্বমোট ১,৩৭,৮২,৯০০/-টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়েছে। ভোক্তাদের অভিযোগের ভিত্তিতে তদন্ত সাপেক্ষে ১৫০টি অভিযোগ নিস্পত্তি করা হয়েছে। জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে সকল জেলা, উপজেলা ও ইউনিয়নে ভোক্তা অধিকার বিষয়ক ৩০,০০০টি পোস্টার, ১,০৭,০০০টি লিফলেট ও ৯০,০০০টি পাম্পলেট বিতরণ করা হয়েছে। এছাড়াও স্কুল, কলেজ, মসজিদ, ইমাম প্রশিক্ষণ কেন্দ্র, শিক্ষক প্রশিক্ষণ কেন্দ্র, পুলিশ প্রশিক্ষণ কেন্দ্র (এপিবিএন), আনসার ভিডিপি প্রশিক্ষণ কেন্দ্র, ফায়ার সার্ভিস, যুব উন্নয়ন অধিদপ্তর, বাংলাদেশ বেতার, হোটেল-রেস্টুরেন্ট, বেকারী, কসমেটিকস, ঔষধ, ফল ব্যবসায়ী, সেমাই, চানাচুর, মিষ্টি, গ্যাস ডিলার/পরিবেশক, পরিবহন, হাটবাজারের ক্রেতা সাধারণ জনগণ, বিভিন্ন জেলা/উপজেলার বাজার কমিটির সাথে মতবিনিময় সভার পাশাপাশি ২২২টি গণশুনানির আয়োজন করা হয়েছে। ভোক্তা অধিকার সংরক্ষণ আইন ২০০৯ এর উপরে খুলনা বিভাগ, সকল জেলা ও সকল উপজেলায় মোট ২২৪টি সেমিনার আয়োজন করা হয়েছে। ভোক্তাদের অভিযোগ গ্রহণের লক্ষ্যে বিভাগীয় কার্যালয়ে অভিযোগ বক্স স্থাপন করা হয়েছে। প্রতিটি জেলায় প্রতিবছর ১৫ মার্চ বিশ্ব ভোক্তা অধিকার দিবস উদযাপন করা হয়েছে।

- সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ

১। ভোক্তা অধিকার সংরক্ষণ আইন ২০০৯ সম্পর্কে খুলনা বিভাগের সকল সাধারণ জনগণকে অবহিত করণ।

২। ভোক্তাদের অধিকার আদায়ে সচেতন হতে উদ্বুদ্ধকরণ।

৩। বিভিন্ন ব্যবসায়ী সংগঠনকে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন ২০০৯ সম্পর্কে অবহিত করণ ও তাদের দায়িত্ববোধ সম্পর্কে সচেতন করণ।

৪। ভোক্তা অধিকার সংরক্ষণ আইন যথাযথ প্রয়োগের মাধ্যমে ভোক্তাদের অধিকার নিশ্চিতকরণ।

- ভবিষ্যৎ পরিকল্পনা

ভোক্তা অধিকার সংরক্ষণ আইন ২০০৯ প্রয়োগের মাধ্যমে এর সুফল খুলনা বিভাগের সকল সাধারণ জনগণের নিকট পৌছে দেয়া এবং এই আইন সম্পর্কে খুলনা বিভাগের বিভিন্ন ব্যবসায়ী সংগঠন ও সাধারণ জনগণকে অবহিত ও সচেতন করার জন্য প্রচারণামূলক কার্যক্রম জোরদার করা।

**২০১৮-১৯ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ :**

১। খুলনা বিভাগের ১০টি জেলায় ৭৮০টি বাজার তদারকি কার্যক্রম।

২। জেলা পর্যায়ে ১০টি এবং উপজেলা পর্যায়ে ৫৯ টি সেমিনার আয়োজন।

৩। সাধারণ জনগণ, বিভিন্ন ব্যবসায়ী সংগঠনের মধ্যে ৪২,০০০ লিফলেট, ৩৭,০০০ প্যাম্পলেট, ৩৬,০০০ স্টিকার বিতরণ।

৪। ভোক্তা অধিকার সংরক্ষণ আইন ২০০৯ প্রচার কার্যক্রম (জেলা, উপজেলা, ইউনিয়ন, ব্যবসা প্রতিষ্ঠান, শিক্ষা প্রতিষ্ঠান, বিভিন্ন সরকারি/বেসরকারি প্রশিক্ষণ কেন্দ্র, জনাকীর্ণ এলাকা, হাট-বাজার পর্যায়ে) জোরদারকরণ।

৫। ১৫ মার্চ বিশ্ব ভোক্তা অধিকার দিবস উদযাপন।

৬। ১৩২ টি গণশুনানীর আয়োজন।

সেকশন ১:

## রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

**১.১ রূপকল্প (Vision):** ভোক্তার অধিকার সংরক্ষণ ও উন্নয়ন।

**১.২ অভিলক্ষ্য (Mission):** ভোক্তা অধিকার সংরক্ষণ আইন ২০০৯ বাস্তবায়ন, বিভিন্ন সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানের অংশগ্রহণ ও প্রচারণামূলক কর্মকান্ড দ্বারা জনসচেতনতা সৃষ্টির মাধ্যমে ভোক্তাদের অধিকার নিশ্চিতকরণ।

### ১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives):

১.৩.১ ভোক্তার অধিকার সংরক্ষণ ও সচেতনতা বৃদ্ধি

১.৩.২ গণশুনানি ও বিরোধ নিষ্পত্তি।

### ১.৪ বাধ্যতামূলক কৌশলগত উদ্দেশ্যসমূহ (Mandatotry Strategic Objectives):

১.৪.১ দক্ষতার সাথে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন

১.৪.২ দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন

১.৪.৩ তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন

১.৪.৪ কর্মপদ্ধতি ও সেবার মানোন্নয়ন

১.৪.৫ কর্মপরিবেশ উন্নয়ন এবং

১.৪.৬ আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন

### ১.৫ কার্যাবলি (Functions):

১.৫.১. বাজার তদারকির মাধ্যমে ভোক্তাদের স্বার্থ রক্ষা করা।
১.৫.২. জনগণের মাঝে সচেতনতা বৃদ্ধির জন্য প্রচারণামূলক কার্যক্রম তথা লিফলেট, প্যাম্পলেট ও স্টিকার বিতরণ
১.৫.৩. সভা, সেমিনার আয়োজন
১.৫.৪. প্রাপ্ত অভিযোগ তদন্ত ও নিষ্পত্তি
১.৫.৫. উপজেলা, জেলা, বিভাগে ভোক্তা অধিকার দিবস উদযাপন
১.৫.৬. গণশুনানি ও বিরোধ নিষ্পত্তি

## সেকশন-২

## কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৮- ১৯ (Target /Criteria Value for FY 2018-19) | | | | | প্রক্ষেপণ (Projection) ২০১৯-২০ | প্রক্ষেপণ (Projection) ২০২০-২১ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৬-১৭ | ২০১৭-১৮ | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| খুলনা বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| ১। ভোক্তার অধিকার সংরক্ষণ ও সচেতনতা বৃদ্ধি | ৭৫ | ১.১ বাজার তদারকি | বাজার তদারকি সম্পন্ন | সংখ্যা | ৩০ | ৪৭৩ | ৫০২ | ৭৮০ | ৭০২ | ৬২৪ | ৫৪৬ | ৪৬৮ | ৭৮০ | ৭৮৫ |
| | | ১.২ ভোক্তা সচেতনতা বৃদ্ধির জন্য লিফলেট, প্যাম্পলেট, স্টিকার বিতরণ | বিতরণকৃত প্যাম্পলেট | সংখ্যা | ১০ | ৩৫০০০ | ৩৫০০০ | ৪২০০০ | ৩৭৮০০ | ৩৩৬০০ | ২৯৪০০ | ২৫২০০ | ৪২০০০ | ৪২৫০০ |
| | | | বিতরণকৃত লিফলেট | সংখ্যা | ১০ | ৩৮০০০ | ৩৯০০০ | ৩৭০০০ | ৩৩৩০০ | ২৯৬০০ | ২৫৯০০ | ২২২০০ | ৩৮০০০ | ৩৯০০০ |
| | | | বিতরণকৃত স্টিকার | সংখ্যা | ১০ | ১১০০০ (পোস্টার) | ১১০০০ (পোস্টার) | ৩৬০০০ | ৩২৪০০ | ২৮৮০০ | ২৫২০০ | ২১৬০০ | ৩৬০০০ | ৩৭০০০ |
| | | ১.৩ উপজেলা, জেলা, বিভাগে সেমিনার আয়োজন | সেমিনার আয়োজন সম্পন্ন | সংখ্যা | ৫ | ৭৮ | ৭৭ | ৬৯ | ৬২ | ৫৫ | ৪৮ | ৪২ | ৬৯ | ৬৯ |
| | | ১.৪ ভোক্তার নিকট হতে প্রাপ্ত অভিযোগ তদন্ত ও নিষ্পত্তি | অভিযোগ নিষ্পত্তি সম্পন্ন | % | ৫ | ১০০% | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | ৫০% | ৯০% | ৯০% |
| | | ১.৫ উপজেলা, জেলায় ভোক্তা দিবস উদযাপন | দিবস উদযাপিত | তারিখ | ৫ | ১৫/০৩/২০১৭ | ১৫/০৩/২০১৮ | ১৫/০৩/২০১৯ | - | - | - | - | - | - |

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৮- ১৯ (Target /Criteria Value for FY 2018-19) | | | | | প্রক্ষেপণ (Projection) ২০১৯-২০ | প্রক্ষেপণ (Projection) ২০২০-২১ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৬-১৭ | ২০১৭-১৮ | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| ২। গণশুনানি ও বিরোধ নিষ্পত্তি | ৫ | গণশুনানি আয়োজন | গণশুনানি অনুষ্ঠিত | সংখ্যা | ৫ | ৯৩ | ১২৯ | ১৩২ | ১১৯ | ১০৬ | ৯২ | ৭৯ | ১৩২ | ১৩২ |

আমি, এস এম নাজিমুল ইসলাম, উপপরিচালক, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, খুলনা গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের মহাপরিচালক মহোদয় এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, মোঃ শফিকুল ইসলাম লস্কর, মহাপরিচালক, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর উপপরিচালক, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, খুলনা বিভাগীয় কার্যালয়, খুলনা এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

| | |
|---|---|
| উপপরিচালক<br>জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর<br>খুলনা বিভাগীয় কার্যালয়, খুলনা<br>এস এম নাজিমুল ইসলাম<br>উপপরিচালক (উপ সচিব)<br>জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর<br>বিভাগীয় কার্যালয়, খুলনা। | ২০/৬/১৮<br>তারিখ |
| মহাপরিচালক<br>জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর<br>মোঃ শফিকুল ইসলাম লস্কর<br>মহাপরিচালক (অতিঃ সচিব)<br>জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর<br>বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা। | ২০.০৬.২০১৮<br>তারিখ |

## সংযোজনী-১

### শব্দসংক্ষেপ (Acronyms)

## সংযোজনী-২

### কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী কার্যালয়সমূহ এবং পরিমাপ পদ্ধতি-এর বিবরণ

| ক্রমিক নম্বর | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | বিবরণ | বাস্তবায়নকারী ইউনিট | পরিমাপ পদ্ধতি এবং উপাত্তসূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | বাজার তদারকি | বাজার তদারকি সম্পন্ন | ভোক্তা অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ বাস্তবায়নের জন্য খুলনা বিভাগের সকল জেলায় ৭৮০ টি বাজার মনিটরিং | | বাজার তদারকি সংক্রান্ত প্রেস বিজ্ঞপ্তি ও রেজিস্টার | - |
| ২ | ভোক্তা সচেতনতা বৃদ্ধির জন্য প্যাম্পলেট, লিফলেট ও পোস্টার বিতরণ | পোস্টার, প্যাম্পলেট ও লিফলেট বিতরণকৃত | জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে খুলনা বিভাগের সকল জেলায় ৪২,০০০টি প্যাম্পলেট, ৩৭,০০০টি লিফেলেট ও ৩৬,০০০টি স্টিকার বিতরণ | | পোস্টার, প্যাম্পলেট, লিফলেট বিতরণ রেজিস্টার | - |
| ৩ | উপজেলা, জেলা, বিভাগে সেমিনার | সেমিনার অনুষ্ঠিত | ভোক্তা অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ প্রচার ও বাস্তবায়নের জন্য জেলা, উপজেলা, বিভাগে ৬৯টি সেমিনার আয়োজন | বিভাগীয়/জেলা কার্যালয় | জেলা প্রশাসক, সহকারি পরিচালক, উপজেলা নির্বাহী কর্মকর্তা প্রেরিত প্রতিবেদন | - |
| ৪ | ভোক্তার নিকট হতে প্রাপ্ত অভিযোগ তদন্ত ও নিস্পত্তি | অভিযোগ নিস্পত্তি সম্পন্ন | ভোক্তা অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ এর অধীন দায়েরকৃত ১০০% অভিযোগ নিস্পত্তি করা | | অভিযোগ নিস্পত্তি রেজিস্টার ও প্রতিবেদন | - |
| ৫ | উপজেলা, জেলা ও বিভাগে বিশ্ব ভোক্তা অধিকার দিবস উদযাপন | দিবস উদযাপিত | ১৫ মার্চ বিশ্ব ভোক্তা অধিকার দিবস উদযাপনের লক্ষ্যে বিভাগ, জেলা ও উপজেলায় সেমিনার অনুষ্ঠান করা | | জেলা প্রশাসক, সহকারি পরিচালক, উপজেলা নির্বাহী কর্মকর্তা প্রেরিত প্রতিবেদন | - |
| ৬ | গণশুনানির আয়োজন | গণশুনানি অনুষ্ঠিত | গণসচেতনতা বৃদ্ধির জন্য বিভাগে ১৩২ টি গণশুনানির ব্যবস্থা করা | বিভাগীয় কার্যালয় | গণশুনানির নোটিশ ও রেজিস্টার | - |

## সংযোজনী ৩

### কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে মাঠ পর্যায়ের অন্যান্য কার্যালয়ের নিকট সুনির্দিষ্ট চাহিদা

| প্রতিষ্ঠানের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট চাহিদা/প্রত্যাশা | চাহিদা/প্রত্যাশার যৌক্তিকতা | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|
| বাংলাদেশ পুলিশ/র‍্যাব/এপিবিএন | বাজার তদারকিতে সহায়তা | বাজার মনিটরিং সম্পন্ন | পুলিশ/র‍্যাব সদস্য | পুলিশ/র‍্যাব এর সহায়তা ছাড়া বাজার তদারকি সম্ভব না। | ভোক্তা স্বার্থ চরমভাবে বিঘ্নিত হবে। |
| ক্যাব | বাজার তদারকিতে সহায়তা | বাজার মনিটরিং সম্পন্ন | প্রতিনিধি | বাজার তদারকি অধিক কার্যকর হয় | প্রতিনিধি না থাকলে বাজার তদারকি গতিশীল হয় না |
| কৃষি বিপণন | বাজার তদারকিতে সহায়তা | বাজার মনিটরিং সম্পন্ন | প্রতিনিধি | বাজার সম্পর্কে অভিজ্ঞতা বাজার তদারকিতে সাহায্য করে | সঠিকভাবে বাজার তদারকি ব্যহত হয় |
| স্বাস্থ্য অধিদপ্তর | বাজার তদারকিতে সহায়তা | বাজার মনিটরিং সম্পন্ন | প্রতিনিধি | পেশাগত/কারিগরি জ্ঞান থাকলে বাজার তদারকি অধিক কার্যকর হয় | সঠিকভাবে বাজার তদারকি ব্যহত হয় |
| মৎস্য অধিদপ্তর | বাজার তদারকিতে সহায়তা | বাজার মনিটরিং সম্পন্ন | প্রতিনিধি | পেশাগত/কারিগরি জ্ঞান থাকলে বাজার তদারকি অধিক কার্যকর হয় | সঠিকভাবে বাজার তদারকি ব্যহত হয় |
| পরিবেশ অধিদপ্তর | বাজার তদারকিতে সহায়তা | বাজার মনিটরিং সম্পন্ন | প্রতিনিধি | পেশাগত/কারিগরি জ্ঞান থাকলে বাজার তদারকি অধিক কার্যকর হয় | সঠিকভাবে বাজার তদারকি ব্যহত হয় |
| চেম্বার অব কর্মাস এন্ড ইন্ডাস্ট্রিজ | বাজার তদারকিতে সহায়তা | বাজার মনিটরিং সম্পন্ন | প্রতিনিধি | প্রতিনিধি থাকলে বাজার তদারকি অধিক কার্যকর হয় | সঠিকভাবে বাজার তদারকি ব্যহত হয় |
| প্রাণিসম্পদ অধিদপ্তর | বাজার তদারকিতে সহায়তা | বাজার মনিটরিং সম্পন্ন | প্রতিনিধি | পেশাগত/কারিগরি জ্ঞান থাকলে বাজার তদারকি অধিক কার্যকর হয় | সঠিকভাবে বাজার তদারকি ব্যহত হয় |

## বিভাগ/জেলা/উপজেলা পর্যায়ে কার্যালয়ের আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ, ২০১৮-১৯
## (মোট নম্বর-২০)

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সুচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI) | লক্ষ্যমাত্রার মান -২০১৮-১৯ (Target Value -2018-19) | | | | |
| | | | | | | অসাধারণ (Excellent) | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলতি মান (Fair) | চলতিমানের নিম্নে (Poor) |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন জোরদারকরণ | ৩ | ২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মূল্যায়ন প্রতিবেদন দাখিল | মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ১ | ২৪ জুলাই, ২০১৮ | ২৯ জুলাই, ২০১৮ | ৩০ জুলাই, ২০১৮ | ৩১ জুলাই, ২০১৮ | ০১ আগস্ট, ২০১৮ |
| | | ২০১৮-১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট দাখিল | মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ১ | ১৩ জানুয়ারি, ২০১৯ | ১৬ জানুয়ারি, ২০১৯ | ১৭ জানুয়ারি, ২০১৯ | ২০ জানুয়ারি, ২০১৯ | ২১ জানুয়ারি, ২০১৯ |
| | | সরকারি কর্মসম্পাদন ব্যবস্থপনা পদ্ধতিসহ অন্যান্য বিষয়ে কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রশিক্ষণ আয়োজন | আয়োজিত প্রশিক্ষণের সময় | জনঘণ্টা * | ১ | ৬০ | - | - | - | - |
| কার্যপদ্ধতি, কর্মপরিবেশ ও সেবার মানোন্নয়ন | ৯ | ই-ফাইলিং পদ্ধতি বাস্তবায়ন | ফ্রন্ট ডেস্কের মাধ্যমে গৃহীত ডাক ই-ফাইলিং সিস্টেমে আপলোডকৃত | % | ১ | ৮০ | ৭০ | ৬০ | ৫৫ | ৫০ |
| | | | ই-ফাইলে নথি নিস্পত্তিকৃত * | % | ১ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ |
| | | | ই-ফাইলে পত্র জারীকৃত ** | % | ১ | ৪০ | ৩৫ | ৩০ | ২৫ | ২০ |
| | | উদ্ভাবনী উদ্যোগ ও ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প (SIP) বাস্তবায়ন | নূন্যতম একটি উদ্ভাবনী উদ্যোগ/ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প বাস্তবায়িত | তারিখ | ১ | ৩১ ডিসেম্বর, ২০১৮ | ০৭ জানুয়ারি, ২০১৯ | ১৪ জানুয়ারি, ২০১৯ | ২১ জানুয়ারি, ২০১৯ | ২৮ জানুয়ারি, ২০১৯ |
| | | সিটিজেনস্ চার্টার বাস্তবায়ন | হালনাগাকৃত সিটিজেনস্ চার্টার অনুযায়ী প্রদত্ত সেবা | % | ১ | ৮০ | ৭৫ | ৭০ | ৬০ | ৫০ |
| | | | সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণ ব্যবস্থা চালুকৃত | তারিখ | ১ | ৩১ ডিসেম্বর, ২০১৮ | ১৫ জানুয়ারি, ২০১৯ | ০৭ ফেব্রুয়ারি, ২০১৯ | ১৭ ফেব্রুয়ারি, ২০১৯ | ২৮ ফেব্রুয়ারি, ২০১৯ |
| | | অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | নির্দিষ্ট সময়ের মধ্যে অভিযোগ নিস্পত্তিকৃত | % | ১ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ |

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সুচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI) | লক্ষ্যমাত্রার মান -২০১৮-১৯ (Target Value -2018-19) | | | | |
| | | | | | | অসাধারণ (Excellent) | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলতি মান (Fair) | চলতিমানের নিম্নে (Poor) |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| | | পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল, ছুটি নগদায়ন জারি নিশ্চিতকরণ | পিআরএল আদেশ জারিকৃত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | | ছুটি নগদায়নপত্র জারিকৃত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন | ৫ | অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন | ব্রডসীট জবাব প্রেরিত | % | ০.৫ | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ |
| | | | অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | % | ০.৫ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ |
| | | স্থাবর ও অস্থাবর সম্পত্তি হালনাগাদ তালিকা প্রস্তুত করা | স্থাবর সম্পত্তির তালিকা হালনাগাদকৃত | তারিখ | ১ | ০৩ ফেব্রুয়ারি, ২০১৯ | ১৭ ফেব্রুয়ারি, ২০১৯ | ২৮ ফেব্রুয়ারি, ২০১৯ | ২৮ মার্চ, ২০১৯ | ১৫ এপ্রিল, ২০১৯ |
| | | | অস্থাবর সম্পত্তির তালিকা হালনাগাদকৃত | তারিখ | ১ | ০৩ ফেব্রুয়ারি, ২০১৯ | ১৭ ফেব্রুয়ারি, ২০১৯ | ২৮ ফেব্রুয়ারি, ২০১৯ | ২৮ মার্চ, ২০১৯ | ১৫ এপ্রিল, ২০১৯ |
| | | বার্ষিক উন্নয়ন কর্মসূচী বাস্তবায়ন | বার্ষিক উন্নয়ন কর্মসূচী বাস্তবায়িত | % | ২ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ |
| জাতীয় শুদ্ধাচার কৌশল ও তথ্য অধিকার বাস্তবায়ন জোরদারকরণ | ৩ | জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামো প্রণয়ন | জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামো প্রণীত | তারিখ | ১ | ১৫ জুলাই | ৩১ জুলাই | - | - | - |
| | | নির্ধারিত সময়ের মধ্যে ত্রৈমাসিক প্রতিবেদন দাখিল | নির্ধারিত সময়ের মধ্যে ত্রৈমাসিক প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ১ | ৪ | ৩ | - | - | - |
| | | তথ্য বাতায়ন হালনাগাদকরণ | তথ্য বাতায়ন হালনাগাদকৃত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | - | - |